# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

## সংবাদ বিজ্ঞপ্তি

## "ডিজিটাল, সোশ্যাল মিডিয়া এবং ওটিটি প্ল্যাটফর্ম ২০২১" বিষয়ক খসড়া প্রবিধানের ওপর হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর মতামত

**[১০ মার্চ ২০২২, ঢাকা]** সামাজিক ও ডিজিটাল যোগাযোগ মাধ্যম এবং ওটিটি প্ল্যাটফর্ম বিষয়ে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক প্রণীত "ডিজিটাল, সোশ্যাল মিডিয়া এবং ওটিটি প্ল্যাটফর্ম ২০২১" নামক খসড়া প্রবিধানের ওপর কমিশনের আহবানের প্রেক্ষিতে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর পক্ষ থেকে মতামত প্রদান করা হয়েছে। সামাজিক ও ডিজিটাল যোগাযোগ মাধ্যম এবং ওটিটি প্ল্যাটফর্ম যথাযথভাবে ব্যবস্থাপনার লক্ষ্যে কর্তৃপক্ষের এ উদ্যোগকে স্বাগত জানালেও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০১৩ এবং পরবর্তী সময়ে ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮-এর নানাবিধ অপপ্রয়োগ যেভাবে গণমাধ্যম ও মত প্রকাশের স্বাধীনতার ক্ষেত্রকে সংকুচিত করেছে, সে অভিজ্ঞতার আলোকে ফোরাম মনে করে এমন প্রবিধান প্রণয়নের পূর্বে সংশ্লিষ্ট সব অংশীজনের সাথে পর্যাপ্ত উন্মুক্ত আলোচনা ও সতর্ক পর্যালোচনার প্রয়োজন। অন্যথা, ভালো উদ্দেশ্য নিয়ে প্রবিধানটি প্রণীত হলেও তার নানা ফাঁক ফোকরের কারণে তা অপব্যবহৃত হবার সমূহ সম্ভাবনা থাকবে। বিশেষ করে, এ প্রবিধানের বেশ কয়েকটি দিক নিয়ে ফোরাম সদস্যদের উদ্বেগ রয়েছে যার মধ্যে অন্যতম পরিধি, প্রযোজ্যতা, পরিভাষা সংক্রান্ত স্পষ্টতার অভাব, নিবন্ধণ বিধান, প্রকাশিত বিষয়বস্তু অপসারণের ভিত্তি এবং বাক স্বাধীনতার উপর স্বেচ্ছাচারী বিধিনিষেধ আরোপকারী বিধান প্রভৃতি। তাছাড়া, এ খসড়া প্রবিধানটির পরিধির সাথে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক প্রণীত "ওভার দ্যা টপ (ওটিটি) কনটেন্টভিত্তিক পরিষেবা প্রদান এবং পরিচালনা এবং বিজ্ঞাপন প্রদর্শন নীতিমালা ২০২১ (খসড়া)" এর অনেক সাদৃশ্য রয়েছে যা প্রায়োগিক দ্বন্দ্বের সৃষ্টি করবে। কেন একই বিষয়ে দুটি পৃথক বিধান বা নীতিমালা প্রণয়ন করা হচ্ছে, তা স্পষ্ট নয়। আইন প্রণয়নের জন্য ইতিমধ্যেই আইন মন্ত্রণালয়ের সুনির্দিষ্ট শাখা ও আইন কমিশন রয়েছে। বিটিআরসি'র দায়িত্ব হলো কমপ্লায়েন্স তদারকি করা, আইন বা নীতিমালা যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কি না দেখা। ফোরাম আরো মনে করে, এই নীতিমালায় ব্যবহৃত অনেক শব্দ ও বাক্যাংশকে সংজ্ঞায়িত করা হয়নি বিধায় তা যেমন অপপ্রয়োগের সুযোগ সৃষ্টি করবে পাশাপাশি অস্পষ্টতার সুযোগ রয়ে যাবে। যেমন, ধর্মীয় অনুভূতিতে আঘাত সৃষ্টিকারী উপকরণ, সাম্প্রদায়িকতা, দেশীয় সংস্কৃতি, সামাজিক মূল্যবোধ - এগুলো সহ অন্যান্য প্রয়োজনীয় সকল শব্দ ও বাক্যাংশের সুস্পষ্ট সংজ্ঞা থাকা প্রয়োজন। একইসাথে ব্যতিক্রমসমূহ এবং যেসব ক্ষেত্রে সংজ্ঞায়িত করা সম্ভব নয় সেসব ক্ষেত্রে ব্যাখ্যা দ্বারা বিধানটি সর্বসাধারণের জন্য সহজগম্য ও সহজবোধ্য করা প্রয়োজন।

সর্বোপরি হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) মনে করে, এ প্রবিধানের অধিকাংশ বিধান সংবিধান, মানবাধিকারের মূলনীতি এবং নাগরিক ও রাজনৈতিক অধিকার সংক্রান্ত আন্তর্জাতিক সনদের সাথে সাংঘর্ষিক। একইসাথে টেকসই উন্নয়ন, যেখানে ইন্টারনেট ব্যবহারের ওপর গুরুত্বারোপ করা হয়েছে কিংবা সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়া এবং ডিজিটালাইজেশনের মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের প্রত্যয়ের সাথে এ প্রবিধান সামঞ্জস্যপূর্ণ নয়। এ প্রেক্ষিতে, ফোরাম "ডিজিটাল, সোশ্যাল মিডিয়া এবং ওটিটি প্ল্যাটফর্ম ২০২১" বিষয়ক খসড়া প্রবিধান এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক প্রণীত "ওভার দ্যা টপ (ওটিটি) কনটেন্টভিত্তিক পরিষেবা প্রদান এবং পরিচালনা এবং বিজ্ঞাপন প্রদর্শন নীতিমালা ২০২১ (খসড়া)" নিয়ে অংশীজনদের সাথে উন্মুক্ত আলোচনা ও পর্যালোচনা নিশ্চিত করার আহবান জানাচ্ছে।

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: https://hrf-bd.org/
**Experts:**
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).